গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.১৯৪.২৩.৪৩৮

তারিখ: ৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: মোল্লা এন্টারপ্রাইজ এর অনুকূলে ৫ম শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোল্লা এন্টারপ্রাইজ, অফিস ও কারখানাঃ ভোগড়া, মাটির মসজিদ সংলগ্ন, বাসন, গাজীপুর নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত। যার নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইক্সপি ০০০১০৪০-২২, তারিখঃ ১৯/১০/২০২২ খ্রিষ্টাব্দ এবং শিল্প উপখাতঃ এমব্রয়ডারী (ওভেন গার্মেন্টস)। প্রতিষ্ঠানটির অনুকুলে ২য় এডহক শিল্প আই আর সি নং-২৬০৩২৬১২০২০৯৩২৩, তারিখঃ ১৩/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ জারী করা হয়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারনে ২য় এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ৫ম শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকুলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে বার্ষিক ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা ও ষান্মাসিক ২,৫০,০০,০০০ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা আমদানি স্বত্ব নির্ধারণ করে ৫ম শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, রপ্তানিমূখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে মোল্লা এন্টারপ্রাইজ এর অনুকুলে কাঁচামাল (নিষিদ্ধ পন্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে বার্ষিক ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা ও ষান্মাসিক ২,৫০,০০,০০০ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা আমদানি স্বত্ব নির্ধারণ করে ৫ম শ্রেণীর ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

২৪-০৯-২০২৪
রাজু আহমেদ
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.১৯৪.২৩.৪৩৮/১(৫)

তারিখ: ৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;
২। কমিশনার, কাস্টম বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;
৩। ব্যবস্থাপনা পরিচালক, মোল্লা এন্টারপ্রাইজ, অফিস ও কারখানাঃ ভোগড়া, মাটির মসজিদ সংলগ্ন, বাসন, গাজীপুর;
৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং
৫। ওয়ানষ্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২৪-০৯-২০২৪
রাজু আহমেদ
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)